

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং- ১২.১৮.১৯৩৩.০৪১.৯৯.০৩৬.১৯-

তারিখ- ১৭/০৮/২০২১খ্রিঃ।

“নোটিশ”

কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা এর সভাপতিত্বে আসছে ২৪/০৮/২০২১খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকায় তাঁহার অফিস কক্ষে নিম্নলিখিত আলোচ্যসূচীর উপর এক সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে।

যথাসময়ে সকল সম্মানিত সদস্যগণকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী : -

- ১। পূর্ববর্তী সভায় কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তীক) প্রদানের জন্য কৃষক তালিকা প্রনোয়ন নিয়ে আলোচনা।
- ৩। ২০২০-২১ অর্থ বছরে খরিপ-২ ২০২১-২২ মৌসুমে রোপা আমন উৎপাদন বৃদ্ধির প্রনোদনা কর্মসূচী নিয়ে আলোচনা।
- ৪। নবসৃষ্ট গলিয়ারা উত্তর ইউনিয়নে বিসিআইসি সার ডিলার নিয়োগ সংক্রান্ত।
- ৫। বিবিধ।


বাঃ- মোঃ হাবিবুল বাশার চৌধুরী  
উপজেলা কৃষি অফিসার  
ও  
সদস্য সচিব  
উপজেলা কৃষি ও সেচ কমিটি,  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং- ১২.১৮.১৯৩৩.০৪১.৯৯.০৩৬.১৯-৪৮২

তারিখ- ১৭/০৮/২০২১খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ইহা আপনার পরামর্শ মোতাবেক।
- ৪। কৃষি সম্প্রসারণ অফিসার, অত্র দপ্তর।
- ৫। সহকারী প্রকৌশলী (নির্মান), বিএডিসি, জাঙ্গালিয়া, কুমিল্লা।
- ৬। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি -২, কুমিল্লা।
- ৭। অফিস নথি।

  
১৭/০৮/২০২১  
(মোঃ হাবিবুল বাশার চৌধুরী)  
উপজেলা কৃষি অফিসার  
ও

সদস্য সচিব  
উপজেলা কৃষি ও সেচ কমিটি,  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

Amena  
28/07/22

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিষদ  
কুমিল্লা সদর দক্ষিন, কুমিল্লা।



উপজেলা পরিষদ কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মুজিব বর্ষের অঙ্গীকার  
কৃষি হবে দুর্বার

সভাপতি: জনাব আবদুল হাই বাবলু  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
কুমিল্লা সদর দক্ষিন, কুমিল্লা।

সভার স্থান- ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।  
তারিখ: ২৪/০৮/২০২১ খ্রিঃ।  
সময় সকাল- ১১.০০ ঘটিকা।

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১।	জনাব আবদুল হাই বাবলু ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিন, কুমিল্লা।	সভাপতি	স্বাক্ষরিত
২।	জনাব মোঃ হাবিবুল বাশার চৌধুরী উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিন, কুমিল্লা।	সদস্য সচিব	স্বাক্ষরিত
৩।	জনাব মোঃ আনিছুর রহমান সহকারী প্রকৌশলী (নির্মান), বিএডিসি, কুমিল্লা।	সদস্য	স্বাক্ষরিত
৪।	জনাব রাজীব চন্দ্র ভৌমিক এ.জি.এম (সদস্য সেবা), পল্লী বিদ্যাৎ সমিতি-২, কুমিল্লা।	সদস্য	স্বাক্ষরিত
৫।	জনাব আইয়ুব আলী, কৃষক প্রতিনিধি, কুমিল্লা সদর দক্ষিন, কুমিল্লা।	সদস্য	স্বাক্ষরিত


সভাপতি, উপজেলা পরিষদ কৃষি ও সেচসংক্রান্ত স্থায়ী কমিটি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। সভাপতির সম্মতিক্রমে সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার এজেডাভিত্তিক আলোচনা শুরু করেন।

প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তা অনুমোদনের প্রস্তাব করেন। উথাপিত কার্যবিবরণীটি অপরিবর্তিতভাবে অনুমোদিত ও গৃহীত হয়।

ক্র নং	আলোচ্যসূচী	সিদ্ধান্ত ও পর্যালোচনা	বাস্তবায়ন
০১।	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	১। বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতভাবে অনুমোদিত হওয়ায় অপরিবর্তিতভাবে গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার
০২।	২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভূত্বর্কি) প্রদানের জন্য কৃষক তালিকা প্রণোদন নিয়ে আলোচনা।	২। উপজেলা কৃষি অফিসার জানান যে, প্রকল্প পরিচালক, সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প খামারবাড়ী ঢাকার স্মারক নং- যথাক্রমে ১২.০১.০০০০.০০০.১৪.০০৯.২০/২২৬০(৫৯০) তারিখ-১৮/০৭/২০২১ও ১২.০১.০০০০.০০০.১৪.০০৯.২০/২৩৯২(১০৭২) তারিখ-০২/০৮/২০২১খ্রিঃ এর শ্রেণিতে সভায় জারিকৃত পত্রগুলো পাঠ করে শুনান এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাক্রমে বিষয়টি ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়নের নিমিত্তে উপজেলা পরিষদ উন্নয়ন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার
০৩।	২০২০-২১ অর্থ বছরে খরিপ-২ ২০২১-২২ মৌসুমে রোপা আমন উৎপাদন বৃদ্ধির প্রনোদনা কর্মসূচী নিয়ে আলোচনা।	উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২০-২১ অর্থ বছরে খরিপ-২ ২০২১-২২ মৌসুমে রোপা আমন উৎপাদন বৃদ্ধির প্রনোদনা কর্মসূচীর আওতায় অত্র উপজেলায় যথাক্রমে ১ম দফায় ৩২৫ বিঘা উফশী ও ২৫ বিঘা হাইব্রিড ধান আবাদের জন্য প্রনোদনা পাওয়া গেছে এবং ২য় দফায় ৬০ বিঘা উফশী ধান আবাদের জন্য বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত প্রনোদনার আওতায় প্রতি কৃষক বিনামূল্যে যথাক্রমে ৫ কেজি উফশী বীজ ধান অথবা ২ কেজি হাইব্রিড বীজ ধান, ১০ কেজি ডিএপি ও এমওপি সার (হাইব্রিড ধানের জন্য ২০ কেজি ডিএপি সার) পেয়েছেন। যা ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণের মাধ্যমে বিতরণ ও বাস্তবায়ন করা হয়েছে। বিষয়টি বিগত উপজেলা পরিষদের সভায় উপস্থাপিত হয়েছিল। কিন্তু কার্যবিবরণীতে তা অন্তর্ভুক্ত না হওয়ায় পরবর্তী সভায় তা কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার
০৪।	নবস্ট গলিয়ারা উত্তর ইউনিয়নে বিসিআইসি সার ডিলার নিয়োগ সংক্রান্ত।	উপজেলা কৃষি অফিসার জানান যে, নবস্ট গলিয়ারা উত্তর ইউনিয়নে বিসিআইসি সার ডিলার নিয়োগের জন্য ২৪ জুন ২০২১খ্রিঃ তারিখে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করায় এ ইউনিয়ন হতে ০৩টি আবেদন পাওয়া যায়। কাগজপত্র সঠিকভাবে উপস্থাপন না করায় আবেদনগুলো বিগত ১০/০৮/২০২১খ্রিঃ তারিখের উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় যাচাই বাছাইকালে বাতিল হয়ে যায়। নিয়োগ সংক্রান্ত কার্যক্রম জরুরী বাস্তবায়ন করা প্রয়োজন বিধায় উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে জরুরী ভিত্তিতে বিসিআইসি সার ডিলার নিয়োগ কার্যক্রম বাস্তবায়নের অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসার

০৫।	বিবিধ	উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, মাঠে বাস্তবায়নধীন রোপা আমন ফসল বোরো ফসলের ন্যায় একটি গুরুত্বপূর্ণ লাভজনক ফসল। অত্র উপজেলায় রোপা আমন আবাদে লক্ষ্যমাত্রা ৭৯৪০ হেক্টর। এ যাব্যৎ অর্জিত প্রায় ৫৯৩৫ হেক্টর। আমন আবাদ চলমান রয়েছে আশা করা যায় নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অর্জিত হবে। ১০টি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ফসলের লক্ষ্যমাত্রা ও অর্জিত হবে বলে আশা করা যায়। সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ ব্যাপারে জনপ্রতিনিধিদের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি অফিসার
-----	-------	--	--------------------

সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জনাব আবদুল হাই বাবল)

সভাপতি

উপজেলা পরিষদ কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ


কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং :- ১২.১৮.১৯৩৩.০৪১.০৬.০৩৫.১৯- ৫০৪

তারিখঃ- ২৪/০৮/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয়/ অবগতি ও কার্যার্থে :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৪। উপজেলা ----- কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৫। জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি-২/সহকারী প্রকৌশলী (নির্মান), বিএডিসি, কুমিল্লা।
- ৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। উপজেলার ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৭। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।  
(ইউনিয়ন কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত অত্র দপ্তরে দাখিল করবেন)।



(মোঃ হাবিবুল বাশার চৌধুরী)

সদস্য সচিব

উপজেলা পরিষদ কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।